

শিক্ষার্থী-বহিরাগত সংঘর্ষে আহত ১০, বন্ধ বাকুবি

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ও বাকুবি প্রতিনিধি

০১ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মমতা



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘাতের মধ্যেই এবার ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শিক্ষার্থীদের সঙ্গে বহিরাগতদের সংঘর্ষের খবর পাওয়া গেছে। এতে সাংবাদিকসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। গতকাল সন্ধ্যা সাড়ে ৭টার পর একদল বহিরাগত তাদের ওপর হামলা করে বলে শিক্ষার্থীরা অভিযোগ করেন।

এদিকে উদ্ভৃত পরিস্থিতির কারণে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এদিন রাত সাড়ে ৯টার দিকে অনলাইনে জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আজ সোমবার সকাল ৯টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মো. আসাদুজ্জামান বলেন, অন্যান্য অনুষদের শিক্ষার্থীরা আমাদেরকে তালা ভেঙে বের করেছে। বহিরাগতরা শিক্ষার্থীদের ওপর হামলা করেছে কিনা সেটি আমরা জানি না। শিক্ষার্থীদের দাবি মেনে নেওয়ার পরেও তারা আমাদেরকে আটক করে রাখে। শিক্ষক

সমিতির সদস্যরা জরুরি মিটিং করেছে। সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, এই আটক করে রাখার ঘটনার সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষা কার্যক্রমে আমরা অংশগ্রহণ করব না।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মো. আবদুল আলীম বলেন, আমি সবচেয়ে পরে বের হয়েছি। বের হয়ে দেখলাম যে কয়েকজন লোক লাঠি হাতে দাঁড়িয়ে আছে। তারা বহিরাগত ছিলেন নাকি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী, সেটি আমি বুঝতে পারিনি; কারণ তখন রাত হয়ে গেয়েছিল।

এর আগে কম্বাইন্ড ডিগ্রি বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত পছন্দ না হওয়ায় বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী উপাচার্যসহ প্রায় দুই শতাধিক শিক্ষকে অবরুদ্ধ করে রাখেন। এ সময় কম্বাইন্ড ডিগ্রি ইস্যু সমাধানে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে একাডেমিক কাউন্সিলের জরুরি সভা চলছিল।

শিক্ষার্থীদের অভিযোগ, আন্দোলনের মধ্যে সন্ধ্যা সাড়ে ৭টার পর একদল বহিরাগত তাদের ওপর হামলা করে। এতে নারী শিক্ষার্থীসহ বেশ কয়েকজন আহত হন। এরপর বিভিন্ন হল থেকে শিক্ষার্থীরা বের হয়ে জবাবারের মোড় এলাকায় জড়ে হয়েছেন।

ঘটনার পর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এলাকায় রাতে ২ প্লাটান বিজিবি মোতায়েন করা হয়েছে বলে নিশ্চিত করেছেন ময়মনসিংহের জেলা প্রশাসক মুফিদুল আলম এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যের মোড় এলাকায় জড়ে হয়েছেন।